



Bangladesh Association Of Australia

Registered No: YO534145 Registered Charity No: CC28467

তারিখ: ০৫/০৫/২০০৭

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশি সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একটি বিশেষ মহল নিজেদের হীন স্বার্থে সংগঠনকে ব্যক্তিগত কাজে ব্যবহার, নিজেদের গুনকীর্তন প্রচার ও প্রকাশ এবং কমিউনিটিকে দ্বিধাবিভক্তি করনে নানাভাবে অপপ্রচার চালিয়ে যাচ্ছে। সম্প্রতি বিজ্ঞাপনের মাধ্যমে স্বঘোষিত সাধারণ সম্পাদক ও নির্বাচন কমিশনারের নামে বিভ্রান্তিকর অপপ্রচারে লিপ্ত রয়েছেন। জনাব আলাউদ্দিন আলোক নামে কোন ব্যক্তি কোনদিনই সংগঠনের সাধারণ সম্পাদক ছিলেন না বা আছেন এবং তিনি বাংলাদেশ এসোসিয়েশনের নির্বাচিত প্রতিনিধি নন। আরো জানানো যাচ্ছে যে, জনাব ওয়ালিউর রহমান টুন্স বাংলাদেশ এসোসিয়েশনের অনুমোদিত নির্বাচন কমিশনার নন। জনাব টুন্স ২০০৬-২০০৭ সালের নির্বাচন কমিশনার ছিলেন।

বর্তমান ২০০৭-২০০৮ সালের নির্বাচন পরিচালনার জন্য কার্যকরী পরিষদের সিদ্ধান্ত মোতাবেক অন্য একজনকে মনোনিত করা হয়েছে। সাধারণ সম্পাদকের নামে জনাব আলাউদ্দিন আলোকের স্বাক্ষরিত সাধারণ সভার বিজ্ঞপ্তিটি যা আগামী ২০শে মে অনুষ্ঠিতব্য তা সম্পূর্ণ মিথ্যা, বালোয়াট ও বিভ্রান্তিকর। অনুরূপভাবে জনাব ওয়ালিউর রহমান টুন্স ঘোষিত ২০০৭-২০০৮ বছরের কার্যকরী পরিষদের নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তিটি যা আগামী ১০ই জুন অনুষ্ঠিতব্য সম্পূর্ণ বেআইনী। এখানে উল্লেখ্য বিজ্ঞপ্তিটিতে সংবিধানের নামে কিছু কিছু ভুল তথ্য প্রদান করা হয়েছে। সংশ্লিষ্ট ব্যক্তিদয়কে বেআইনী কার্যকলাপ থেকে বিরত থাকার জন্য বিনীত অনুরোধ জানানো যাচ্ছে। সকল সন্মানিত সাধারণ সদস্য/সদস্যগনকে আগামীতে ঐক্যবদ্ধভাবে একটি শক্তিশালী ও গতিশীল সংগঠন নির্মাণে সহায়তা করার আহবান জানানো হচ্ছে।

আপনাদের সহযোগিতা আমাদের একান্তই কাম্য।

ধন্যবাদান্তে

মোহা: আতাউর রহমান খাঁন

সাধারণ সম্পাদক

ফোন: ০৪৩৩২০৪৬১৫